দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV. 23 1998
পৃষ্ঠা 4 কলাম 4

17

# ইসলামী বিশ্ব বিদ্যালয়ের ৫৪ জন শিক্ষকের যৌথ বিবৃতি

**ইঃ বিঃ রিপোর্টার ঃ** ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৫৪ জন শিক্ষক এক যৌথ বিবৃতিতে বর্তমান ভাইস চ্যান্সেলরের দুর্নীতি, স্বজনপ্রীতি, দলীয়করণ ও নিয়মনীতি লংঘন করে একটি স্বার্থান্বেষী মহলকে সুবিধাদানের লক্ষ্যে বিজ্ঞাপিত পদ এবং প্রয়োজনের অতিরিক্ত একত্রে ১শ' ২০ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগদানের ঘটনার তীব্র নিন্দা করেছেন। বিবৃতিতে বলা হয়েছে, ইসলামী বিশ্ববিদ্যালয়কে পরিকল্পিতভাবে দেউলিয়া করে একে ধ্বংস করার ষড়যন্ত্রে বর্তমান ভিসি লিপ্ত হয়েছেন। বর্তমান ভিসির লাগামহীন স্বেচ্ছাচারী কার্যকলাপ থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়কে রক্ষার জন্য বিবৃতিদাতাগণ সরকার ও দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করেছেন। বিবৃতিতে স্বাক্ষর করেছেন ডঃ মোহাম্মদ মোশাররাফ হোসেন, ডঃ মোহাম্মদ মোশারফ হোসেন, ডঃ মোহাম্মদ একরামুল হক, ডঃ মোহাম্মদ আবুল কালাম পাউওয়ারী, ডঃ মোহাম্মদ মাখলুকুর রহমান, ডঃ মোহাম্মদ আফাজউদ্দিন, ডঃ এবিএম সিদ্দিকুর রহমান, ডঃ আব্দুল বারাকাত মোঃ ফারুক, ডঃ একেএম নূরুল আলম, ডঃ এএইচএম ইয়াহইয়ার রহমান, ডঃ মোহাম্মদ আবদুল লতিফ, ডঃ মোহাম্মদ আবদুল হান্নান শেখ, ডঃ আ.ব.ম. সাইফুল ইসলাম সিদ্দিকী, ডঃ ফারুক আহমদ, ডঃ মোহাম্মদ লোকমান হোসেন, ডঃ মোহাম্মদ আব্দুর রহমান আনওয়ারী প্রমুখ।